

তৈরী পোষাক শিল্প কারাখানার অগ্নি ও ভবন নিরাপত্তা সংক্রান্ত ত্রিপক্ষীয় জাতীয় কর্মপরিকল্পনাঃ

বিগত ২৪/১১/২০১২ তারিখে তাজরীন ফ্যাশন লিঃ-এ অগ্নিকান্ডে ১১২ জন শ্রমিক নিহত ও অনেক শ্রমিক আহত হওয়ার পর দেশের তৈরী পোষাক শিল্প কারাখানায় অগ্নি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ২৪/০৩/২০১৩ তারিখে সরকার, মালিক ও শ্রমিক পক্ষ সম্মিলিতভাবে “তৈরী পোষাক শিল্প কারাখানায় অগ্নি নিরাপত্তা” সংক্রান্ত একটি ত্রিপক্ষীয় কর্মপরিকল্পনা গ্রহণ করে। অতঃপর ২৪/০৪/২০১৩ তারিখে রানা প্লাজা ধ্বংসে ১১২৯ জন শ্রমিক নিহত ও প্রায় ২০০০ শ্রমিক আহত হওয়ার পর কর্মপরিকল্পনাটিতে ভবন নিরাপত্তা সংক্রান্ত কর্মকান্ড সন্নিবেশ করা হয় যা ২৫/০৭/২০১৩ ত্রিপক্ষীয় ভিত্তিতে স্বাক্ষরিত হয়। উক্ত কর্মপরিকল্পনায় কতিপয় প্রশাসনিক, বিদ্যমান আইন যুগোপযোগীকরণ, এবং প্রশিক্ষণ ও সচতেনতামূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য চিহ্নিত করা হয়েছে। অতঃপর বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে দেশের তৈরী পোষাক শিল্প কারাখানার অগ্নি ও ভবন নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সরকার প্রতিশ্রুতি ব্যক্ত করে। উক্ত কর্মপরিকল্পনা ও প্রতিশ্রুতি বাস্তবায়নে ত্রিপক্ষীয় উদ্যোগ বাস্তবায়নে আন্তর্জাতিক শ্রম সংস্থা একটি প্রকল্পের মাধ্যমে সহযোগিতা করেছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও ফায়ার সার্ভিসের মাধ্যমে চিহ্নিত কর্মকান্ড বাস্তবায়নাধীন রয়েছে।

এ উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর মাধ্যমে ১৩৫৫টি কারখানার তৈরী পোষাক শিল্প কারখানার কাঠামোগত, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা মূল্যায়নের জন্য উদ্যোগ নেওয়া হয়। ইতিমধ্যে তারা ৯২৪টি কারখানা মূল্যায়ন সম্পন্ন করেছে। জাতীয় উদ্যোগের পাশাপাশি ইউরোপীয় ক্রেতা জোট সংস্থা Accord on Fire And Building Safety in Bangladesh (Accord) ও উত্তর আমেরিকান ক্রেতা জোট সংস্থা Alliance for Bangladesh Worker Safety (Alliance) তাঁদের জোটভুক্ত ক্রেতা প্রতিষ্ঠানের জন্য পোষাক সরবরাহকারী কারখানাসমূহের কাঠামোগত, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা মূল্যায়ন কাজ শুরু করে। Accord পরিদর্শনের জন্য নির্ধারিত ১৫৩০টি কারখানার মধ্যে ১১০৩টি কারখানা পরিদর্শন সম্পন্ন করেছে। অন্যদিকে Alliance পরিদর্শনের জন্য নির্ধারিত ৫৮৪টি কারখানার সবগুলোর পরিদর্শন করেছে। জানুয়ারি/২০১৫ থেকে দুটি বেসরকারী প্রতিষ্ঠান এ কাজে যুক্ত হয়েছে। জাতীয় উদ্যোগের পাশাপাশি ইউরোপীয় দেশসমূহের ক্রেতাজোট Accord ও নর্থ আমেরিকান দেশসমূহের ক্রেতাজোট Alliance তৈরী পোষাক কারখানার অগ্নি ও ভবন নিরাপত্তা যাচাইসহ পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ পরিচালনার কর্মসূচী গ্রহণ করেছে।

Accord, Alliance & BUET যাচাইয়ে মোট --- কারখানা সম্পূর্ণভাবে বন্ধ করা রাখার এবং --- কারখানা আংশিকভাবে বন্ধের সুপারিশ করেছে। অবশিষ্ট == কারখানায় কোন নিরাপত্তা ঝুঁকিপূর্ণ চিহ্নিত হয়নি। ঝুঁকিপূর্ণ কারাখানার শতকরা হার --- যা আন্তর্জাতিকভাবে স্বীকৃত ঝুঁকিপূর্ণ মাত্রার চেয়ে কম।

Accord, Alliance & BUET কর্তৃক কারখানা বন্ধের সুপারিশ পুনর্মূল্যায়নের জন্য একটি Review Panel গঠন করা হয়েছে। এ প্যানেল **Accord, Alliance** এবং **BUET** -এর সুপারিশে কারখানা বন্ধের পুনর্মূল্যায়ন কাজে নিয়োজিত। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) এ প্যানেলের আহ্বায়ক। এ প্যানেলের অন্যান্য সদস্যগণ হলেন বুয়েটের দু'জন প্রকৌশলী, **Accord** এবং **Alliance** থেকে একজন করে প্রকৌশলী, মালিক পক্ষ থেকে বিজিএমইএ ও বিকেএমইএ-এর একজন করে প্রতিনিধি এবং শ্রমিক পক্ষ থেকে National Coordination Council for Workers' Education (NCCWE) এবং Industrial Bangladesh Council -এর একজন করে প্রতিনিধি।

Accord, Alliance & BUET থেকে কারখানা বন্ধের সুপারিশ পর্যালোচনার জন্য Review Panel ইতোমধ্যে ৮৪ টি কারখানা পরিদর্শন করেছে। পরিদর্শিত কারখানাগুলোর মধ্যে ভবন নিরাপত্তার বিষয় বিবেচনা করে ৩২টি কারখানা সম্পূর্ণ এবং ২১টি কারখানা আংশিক বন্ধ করা হয়েছে এবং ৩১টি কারখানা চলমান। Review Panel এর সুপারিশে আংশিক বন্ধ ২১টি এবং চলমান ৩১টি মোট ৫২টি কারখানার Assessment Report এ **DEA** করার জন্য সুপারিশ করা হয়েছে। ইতোমধ্যে এ সকল কারখানার মধ্যে ৪টি কারখানা **DEA** সম্পূর্ণ করেছে, ৯টি কারখানায় **DEA** চলমান এবং ৩৯টি কারখানা কর্তৃক **DEA** করার উদ্যোগ গৃহীত হয়নি।

Accord, Alliance & BUET যেসব কারখানা **Assessment** করছে সেসব কারখানার ভবন নিরাপত্তা নিশ্চিত করার জন্য কারখানা কর্তৃপক্ষ কর্তৃক Corrective Action Plan (CAP) গ্রহণ করা হচ্ছে। **Accord** এবং **Alliance** তাদের প্রকৌশলীগণের সহায়তায় সকল **Assessment** সম্পন্নকৃত কারখানার **CAP** বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে। বুয়েট কর্তৃক যাচাইকৃত কারখানার **CAP** প্রণয়ন ও এ সকল কার্যক্রম যথাযথ পরিবীক্ষণ ও তদরকীর জন্য ভবন নিরাপত্তা সম্পর্কিত একটি এবং বৈতুতিক ও অগ্নি নিরাপত্তা সম্পর্কিত দুটি টাঙ্কফোর্স গঠন করা হয়েছে। এ প্রক্রিয়াটি চলমান।

Accord, Alliance & BUET কর্তৃক **Assessment** কৃত কারখানাগুলোর তথ্য www.dife.gov.bd তে নিয়মিত ভাবে ট্রাশডাউন করা হচ্ছে। ইতোমধ্যে **Accord** এর ২৮২টি, **Alliance** এর ১০২ টি & **BUET** এর ১৪৮টি মোট ৫৩২টি কারখানার Summary Assessment Report Upload করা হয়েছে।